



WEST BENGAL STATE UNIVERSITY  
B.A. Honours 5th Semester Examination, 2020, held in 2021



**BNGADSE02T-BENGALI (DSE1/2)**

বাংলা গদ্য ও প্রবন্ধ পাঠ

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

বিভাগ-ক

- ১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও। (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা ১০×৪ = ৪০  
অনধিক ৩০০ হবে)

একক - ১

- (ক) 'মুচিরাম গুড়ের জীবনচরিত' রচনায় বঙ্কিমচন্দ্রের ভাষা প্রয়োগ নৈপুণ্যের পরিচয় দাও। ১০

অথবা

- (খ) 'মুচিরাম গুড়ের জীবনচরিত' গ্রন্থে তৎকালীন সমাজব্যবস্থার যে বিশেষ দিকটির প্রতি বঙ্কিমচন্দ্র পাঠকের দৃষ্টি  
আকর্ষণ করেছেন তার স্বরূপ বর্ণনা করো। ১০

একক - ২

- (গ) 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধ গ্রন্থের সহজ সরল গদ্যভাষা বিষয়বস্তুটিকে আকর্ষণীয় করে তুলেছে — প্রবন্ধগুলি  
অনুসরণে আলোচনা করো। ১০

অথবা

- (ঘ) 'ধর্ম ও মোক্ষ' অধ্যায়ে বিবেকানন্দ উভয় ভূখণ্ডের যে তুলনামূলক ব্যাখ্যা দিয়েছেন তার পরিচয় দাও। ১০

একক - ৩

- (ঙ) পাঠ্য প্রবন্ধগুলি অনুসরণে পঞ্চভূত গ্রন্থটির আঙ্গিকগত বৈশিষ্ট্য বিচার করো। ১০

অথবা

- (চ) "কমেডির হাস্য এবং ট্রাজেডির অশ্রুজল দুঃখের তারতম্যের ওপর নির্ভর করে" — 'কৌতুকহাস্য' প্রবন্ধে  
ক্ষিতির এই বক্তব্যের অর্থ কী তা বুঝিয়ে দাও। ১০

একক - ৪

- (ছ) "আমরা ছোটো ছিলুম বাংলা সাহিত্যের সোনালি যুগে" — 'সোনালি যুগ' বলতে কোন সময়কে বোঝানো  
হয়েছে? তাকে সোনালি যুগ বলবার কারণ কী যুক্তিসহ লেখো। ২+৮

অথবা

- (জ) "এই কুড়ি বছরে বাংলা কবিতার রবীন্দ্রাশ্রিত নাবালক দশর অবসান হলো" — প্রাবন্ধিকের মতে কোন  
কুড়ি বছরে, কীভাবে বাংলা কবিতার উত্তরণ ঘটলো আলোচনা করো। ২+৮

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৫ × ২ = ১০
- (ক) “মুচিরাম অল্পদিনেই জানিল যে যাত্রাওয়ালার জীবন সুখের নয়” - যাত্রাওয়ালার কারা ? তাদের জীবনকে লেখক কেনো ‘সুখের নয়’ বলেছেন ? ২+৩
- (খ) “সকল দেশেই কাপড়ে চোপড়ে কিছু ভদ্রতা লেগে থাকে” - পৃথিবীর বিভিন্ন জাতির বেশভূষা সম্পর্কে এই মন্তব্যের সপক্ষে প্রাবন্ধিকের মত কী ? ৫
- (গ) “....সত্য বলিব। কিন্তু সে সত্য বানাইয়া বলিব” - ‘সত্য বানাইয়া’ বলা বলতে প্রাবন্ধিক কী বোঝাতে চেয়েছেন ? ৫
- (ঘ) “আড্ডায় সকলের মর্যাদা সমান হওয়া চাই” - আড্ডার পরিবেশ, পোশাক ও যোগদানকারী সদস্যদের সম্পর্কে প্রাবন্ধিকের মতামত ব্যক্ত করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—